গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম।
www.chilmari.kurigram.gov.bd

উপজেলা আইন শৃংখলা কমিটির জানুয়ারি, ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ	এ, ডব্লিউ, এম রায়হান শাহ্ উপজেলা নির্বাহী অফিসার চিলমারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়	ঃ	২৮ জানুয়ারি, ২০২১
সময়	ঃ	সকাল- ১০.৩০ টা।
স্থান	ঃ	উপজেলা পরিষদ সভাকক্ষ।

সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত উপদেষ্টাসহ সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত মাসিক সভার উপজেলা আইন শৃঙ্খলা কমিটির কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা- ১ ঃ

সভাপতি মহোদয় অত্র চিলমারী উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা সভাকে জানান যে, চিলমারী উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি ইউনিয়ন সমূহে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য উপস্থিত চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন।

আলোচনা- ২ ঃ

সভায় উপজেলা পরিষদের সন্মানীত চেয়ারম্যান মহোদয় বলেন যে, আমাদের জন্য একটি খুবই দুঃসংবাদ। আমাদের উপজেলা পরিষদের সন্মানীত ভাইস চেয়ারম্যান, আব্দুল কুদ্দুছ সরকার বিগত ০৭ জানুয়ারি ২০২১ তারিখে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকালবরণ করেছেন (ইন্নালিল্লাহি......রাজিউন)। তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাভূত। অতঃপর সভায় মরহুমের কর্মময় জীবনের উপর সংক্ষিপ্তভাবে উন্মুক্ত আলোচনা করা হয়। সভায় আলোচকবৃন্দ বলেন যে, চিলমারীবাসী একজন সৎ,যোগ্য ও মহান রাজনীতিবীদ এবং জনপ্রতিনিধি হারালেন। তাঁর মৃত্যুতে উপজেলার যে ক্ষতি হলো তা অপূরণীয়।

আলোচনাকালে জেলা পরিষদের সন্মানীত সদস্য জনাব মোঃ রেজাউল করিম (লিচু) বলেন যে, মরহুম আব্দুল কুদ্দুছ সরকার আমাদের চিলমারীবাসীর একজন অভিভাবক ছিলেন। তিনি ছিলেন একজন স্পষ্টভাষী, ন্যায় নীতিবান ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদকারী একজন মহান রাজনীতিবীদ। তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত।

উন্মুক্ত আলোচনাকালে মরহুমের কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরে উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাঁদের স্ব-স্ব মতামত তুলে বক্তব্য রাখেন।

উপজেলা পরিষদের সন্মানীত চেয়ারম্যান মহোদয় বলেন যে, মরহুম আব্দুল কুদ্দুছ সরকারের মৃত্যুতে আমি একজন বিশ্বস্থ সহচরকে হারিয়ে ফেলেছি। আমি গভীরভাবে শোকাহত। তাঁর মৃত্যু যেনো কোনভাবেই মেনে নিতে পারছি না। এইতো আলোচ্য কমিটির গত সভায় ও তিনি উপজেলার আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে জোরালো বক্তব্য রেখেছিলেন। এভাবে তিনি চলে যাবেন, ভাবতেই অবাক লাগে। তিনি আরো বলেন যে, অতিসাম্প্রতি এ উপজেলার বেশ কয়েকজন উচ্চ পদস্থ কর্মকর্তাসহ রাজনীতিবীদ মারা যাওয়ায় আমি একবারেই একাকি হয়ে গেলাম। তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সকলকে দোয়া করার জন্য অনুরোধ করেন। পরে মরহুম আব্দুল কুদ্দুছ সরকারের আত্মার কামনার্থে এক মিনিট নিরবতা পালন করা হয় এবং বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়।

আলোচনা- ৩ ঃ

সভায় অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা, চিলমারী,কুড়িগ্রাম বলেন যে, বর্তমানে চিলমারী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অন্য উপজেলার চাইতে অনেক ভালো। বিগত সময়ে অত্র উপজেলা মাত্র ২ টি মামলা দায়ের হয়েছে। তিনি বলেন যে, দেশ ব্যাপী পৌরসভাসমূহের নির্বাচন চলছে। নির্বাচনকে ঘিরে যাতে সংশ্লিষ্ট এলাকায় কোন প্রকার আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে না পারে সেজন্য তিনি সবাইকে সজাগ থাকার জন্য আহবান জানান। কোন এলাকায় কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে সে বিষয়ে থানায় অবহিত করার জন্যও সকলের প্রতি অনুরোধ জানান।

আলোচনা- ৪ ঃ

সভায় উপজেলা পরিষদ সন্মানীত চেয়ারম্যান জনাব শওকত আলী সরকার বীর বিক্রম জানান, বর্তমানে অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি আল্লাহর রহমতে অনেক ভালোই আছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি এরূপ স্বাভাবিক রাখার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি রমনা ইউনিয়র পরিষদের চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, রমনা ইউনিয়নের জোড়গাছ হাটে টাকা পয়সা কেড়ে নেয়াকে কেন্দ্র করে কিছু বিশৃঙ্খলা হয়েছে। জোড়গাছ হাটে আগত একজন

চলমান-২

ব্যক্তিকে লাঞ্চিত করার কারনে শরীফের হাটের লোকজন একিভূত হয়ে পরে জোড়গাছ হাটে এসে বিশৃঙ্খলা সৃষ্টির অবতারণা করলে আমি বিশৃঙ্খলা থেকে বিরত থাকার জন্য সকলকে নিষেধ করি। বিষয়টি যাতে আর কোন প্রকার জটিলতার সৃষ্টি না করে সেজন্য তিনি রমনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে অনুরোধ জানান। রমনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন যে, বিষয়টি মিটিয়ে ফেলার উদ্যেগ নেয়া হয়েছে। এটা নিয়ে আর কোন প্রকার বিশৃঙ্খলা হবার সুযোগ নাই।

আলোচনা- ৫ ঃ

সভাপতি আলোচ্য মাসে সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ চিত্র সভায় উপস্থাপন করার জন্য অফিসার ইনচার্জ, চিলমারী মডেল থানা ও ঢুষমারা নৌ-থানাকে অনুরোধ জানান।

কর্মকর্তাগণ আলোচ্য মাসের (জানুয়ারি ২০২১) অপরাধ চিত্র নিম্নোক্ত "ছক" মোতাবেক উপস্থাপন করেন।

"ছক"- ০১

থানর নাম	খুনসহ ডাকাতি	দস্যুতা	খুন	দাঙ্গা	দাঙ্গাসহ খুন	দ্রুত বিচার	অন্যান্য নারী ও শিশু নির্যাতন			নারী পাচার/ যৌন পীড়ন
							ধর্ষন	যৌতুক	এসিড নিক্ষেপ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
চিলমারী থানা	-	-	-	-	-	-	-	-	-	-
ঢুষমারা থানা	-	-	-	-	-	-	-	-	-	-
মোট	-	-	-	-	-	-	-	-	-	-

"ছক"- ০২

থানর নাম	অপহরন	পুলিশ আক্রান্ত	সিদেল চুরি	গরু চুরি	চুরি	অস্ত্র আইন	মাদক দ্রব্য	চোরা চালান	অন্যান্য মামলা	জুয়া	মোট	মোট গেস্খফতার
১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
চিলমারী থানা	-	-	-	-	-	-	১	-	২	-	৩	-
ঢুষমারা থানা	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
সর্বমোট	-	-	-	-	-	-	-	-	-	-	-	-

সিদ্ধান্ত ঃ আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার এ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে ঃ অফিসার ইন-চার্জ, চিলমারী ও ঢুষমারা থানা, চিলমারী, কুড়িগ্রাম।

আলোচনা- ৮ ঃ

সভাপতি চিলমারী উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং ছোট-খাটো অপরাধ স্থানীয়ভাবে মিমাংসা/নিস্পত্তি করার জন্য পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ,ডব্লিউ, এম রায়হান শাহ্)
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী,কুড়িগ্রাম
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি।
ফোন- ০৫৮২৪৫৬০০৩
e-mail:unochilmari@mopa.gov.bd

চলমান-৩

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৩.০০৪.২১-

তারিখ ঃ

২১ মাঘ ১৪২৭	
০৪ ফেব্রুয়ারি২০২১	

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৮-কুড়িগ্রাম-৪, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
৬। উপজেলা...................................... অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান....................................(সকল) ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
৮। জনাব/জনাবা.. চিলমারী, কুড়িগ্রাম।
৯। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী,কুড়িগ্রাম।